



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

ফোন:
৮১৮০১৪৪
ফ্যাক্স:
৮১৮৯০২৯

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-১৫৫৮


তারিখঃ ১৯/০৫/২০১৪ খ্রি:

বিষয়ঃ ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন বিভিন্ন প্রকল্প/কর্মসূচীর উপজেলা পর্যায়ের কার্যক্রমে যথাযথ ভাবে মনিটরিং এর অভাবে ক্যাশ বই এবং লেজারের সাথে ব্যাংক স্টেটমেন্ট এর সমন্বয়ের বিষয়টি যথাযথভাবে বিষয়টি যাচাই না হওয়ার প্রেক্ষিতে চেক জালিয়াতির মত ঘটনা লক্ষ্য করা যাচ্ছে। নবাবগঞ্জ উপজেলায় পল্লী জীবিকায়ন প্রকল্পের হিসাব রক্ষক কর্তৃক প্রায় ১.৩২ কোটি টাকা চেক জালিয়াতির মতো ঘটনা ঘটেছে। সার্বিক দিক বিবেচনায় “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কর্তৃক উপজেলা দপ্তরে পরিদর্শনের সময় উপজেলা পর্যায়ের প্রকল্পের সকল ব্যাংক হিসাবের ব্যাংক স্টেটমেন্ট এর সাথে ক্যাশ বই এবং লেজার নিয়মিত যাচাইয়ের জন্য পরামর্শ প্রদান করা হলো। বিষয়টি নিবিড় ভাবে পর্যবেক্ষণ করে প্রতি ০৩ মাস অন্তর নিম্নোক্ত ছক মোতাবেক নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নংঃ	জেলার নাম	উপজেলার নাম	যাচাইয়ের তারিখ	অসংগতি আছে কি না থাকলে তার বিবরণ
০১	০২	০৩	০৪	০৫

২। সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত প্রতিবেদন নিয়মিত মহাপরিচালকের নিকট উপস্থাপিত হবে।


(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলিম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বাপউবো, ঢাকা।
ফোন: ০২-৮১৮০১৪৪

উপ পরিচালক,
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,
----- জেলা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-১৫৫৮

তারিখঃ ১৯/০৫/২০১৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, -----উপজেলা, ----- জেলা।
- ২। সহকারী প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, (ওয়েব সাইট এ প্রকাশের জন্য)।
- ৩। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা, ----- জেলা।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বাপউবো, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাপউবো, ঢাকা।
- ৬। অফিস নথি/ সংশ্লিষ্ট নথি।